তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রদল নেতাদের সঙ্গে উপাচার্যের বৈঠক

নিজস্ব বার্তা পরিবেশক ঃ রোববার দুপুর ২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি আনোয়ারুল্লাহ চৌধুরী তার বাসভবনে ছাত্রদলের কয়েকজন নেতার সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকের পর ভিসির বাসভবনের

বৈঠক ঃ পৃঃ ১১ কঃ ৭

## বৈঠক ঃ উপাচার্যের

( ১২ পৃষ্ঠার পর )

সামনে অবস্থানরত ছাত্রদলের নেতা-কর্মীরা চলে যায়। সকাল থেকে তারা সেখানে পুলিশের ছত্রছায়ায় অবস্থান করছিল।

ভিসি গতকাল সারাদিন তার বাসভবনেই সমর্থক শিক্ষক ও প্রক্টরদের নিয়ে অবস্থান করেন। বাসভবনের চারদিকে মোতায়েন ছিল বিপুলসংখ্যক পুলিশ-বিডিআর। টেলিফোনে তাকে বিভিন্ন জনের সঙ্গে যোগাযোগ করতে দেখা গেছে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। দুপুরে ভিসি টেলিফোনে এক মন্ত্রীকে জানান, ক্যাম্পাস ছেড়ে ছাত্রছাত্রীরা চলে গেছে। ছাত্রীদের মাত্র ১৬/১৭ জন ছাত্রছাত্রী রোকেয়া হলের সামনে অবস্থান করছে। বাস্তবে তখন ছাত্রছাত্রীর পদচারণায় ক্যাম্পাস ছিল সরগরম।

দুপুর ২টায় ছাত্রদল নেতারা ভিসির বাসভবনে তার সঙ্গে বৈঠক করেন। ভিসি ভবনের এক কর্মচারী জানান, প্রায় ঘন্টাখানেক বৈঠক হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, ছাত্রদল নেতারা ভিসির সঙ্গে বৈঠকশেষে যার যার বাসায় চলে যায়।